

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে বেতনভাতা ও উৎসবভাতা প্রদান প্রসঙ্গে

আমরা বেসরকারি স্কুল-কলেজের শিক্ষকগণ নিয়মিত বেতন পাই না। কিন্তু গত ঈদুল ফিতরের সময় সরকার আগাম বেতনসহ বোনাস প্রদান করায় আমরা খুবই উপকৃত হয়েছি এবং ছেলেমেয়ে নিয়ে সুন্দরভাবেই ঈদ উদযাপন করেছি। আশা করি, আগামী ঈদুল আজহার সময়ও যথাযথ কর্তৃপক্ষের এই সুবিবেচনা অব্যাহত থাকবে। যদিও ইতিমধ্যে মাননীয় শিক্ষামন্ত্রী পূর্ণাঙ্গ বোনাস প্রদান ও প্রতি মাসের বেতনভাতা পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রদানের আশ্বাস দিয়েছেন আমরা আশা করি; শিক্ষামন্ত্রীর আশ্বাস যথাযথ বাস্তবায়ন হবে। এ ধরনের মহৎ উদ্যোগ গ্রহণ করলে বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের তীর্থের কাকের মতো চেয়ে থাকতে হবে না যে কখন বেতনভাতা পাবো। এ ধরনের উৎকর্ষতার মধ্যে থাকলে ক্লাস রুমে পাঠদানে মনোযোগ ব্যাহত হয়। সামনে ঈদুল আজহা আসছে। যাতে জানুয়ারির বেতন ভাতাসহ পূর্ণাঙ্গ উৎসবভাতা ঈদের ১০ দিন আগে তুলতে পারি এবং পরিবার-পরিজন নিয়ে ভালোভাবে ঈদ উদযাপন করতে পারি, সে ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ সহিদুল ইসলাম,

প্রভাষক

মৃত্তিকা বিজ্ঞান বিভাগ,

মুলাদী কলেজ,

মুলাদী, বরিশাদ।